

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ  
প্রশাসন-১ অধিশাখা

**অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির  
ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২৩) সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোহাম্মদ মানজারুল মান্নান  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
তারিখ ও সময় : ২০ জুন ২০২৩ খ্রি:, সকাল ১১.০০ টা  
স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের অফিসকক্ষ  
(কক্ষ নং ১৬২০, ১৬তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’ তে প্রদান করা হলো:

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ২০২২-২৩ অর্থবছরের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির এটা চতুর্থ সভা। তিনি বলেন এ ত্রৈমাসিকে (এপ্রিল-জুন ২০২৩) অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি গত ১৮ জুন ২০২৩ তারিখে হালনাগাদ করা হয়েছে। তিনি হালনাগাদকৃত সিটিজেন চার্টারটি যাচাই করেন এবং পরিবীক্ষণ কমিটির বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি নাগরিকদের সেবা প্রদানে স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখাসহ যাতে সহজে ও নির্দিষ্ট সময়ের মধ্যে সেবা পেতে পারে সেই বিষয়ে গুরুত্ব প্রদান করেন। সিটিজেন চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি প্রতি তিন মাস অন্তর নিয়মিত পুনর্গঠন করায় তিনি সন্তোষ প্রকাশ করেন। সিজিএ’র কার্যালয়সহ অর্থ বিভাগের ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত/অবহিতকরণ এবং সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার সংক্রান্ত সভা অব্যাহত রাখার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব মোহাম্মদ রাসেলুল কাদের প্রস্তুতকৃত ত্রৈমাসিকভিত্তিতে (এপ্রিল-জুন ২০২৩) অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :


৩.১। হালনাগাদকৃত সিটিজেন চার্টারটি (এপ্রিল-জুন ২০২৩) অতি দ্রুত অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে।  
(বাস্তবায়নে-উপসচিব, প্রশাসন-১)

৩.২। প্রতি তিন মাস অন্তর অর্থ বিভাগ ও সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।  
(বাস্তবায়নে-উপসচিব (প্রশাসন-১) ও সদস্য-সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি ও সিজিএ’র কার্যালয়)।



- ৩.৩। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ ও সেবাগ্রহীতাদের মতামত/অবহিতকরণ সংক্রান্ত সভা অব্যাহত রাখতে হবে  
(বাস্তবায়নে-উপসচিব (বাজেট ও পরিকল্পনা অধিশাখা-১ ও প্রশিক্ষণ অধিশাখা)।
- ৩.৪। অর্থ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে সেবা প্রদানে স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখার জন্য প্রত্যেক শাখা/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সচেতন থাকতে হবে।  
(সংশ্লিষ্ট সকল কর্মকর্তা)
- ৩.৫। সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদকরণসহ পরিবীক্ষণ কমিটির সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।  
(বাস্তবায়নে-সিজিএ কার্যালয়)

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
(মোহাম্মদ আনজারুল মান্নান)  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৭.২০- ২১৩

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩০  
২১ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(দৃ: আ: উপসচিব, সুশাসন অধিশাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
- ২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ
- ৪। উপসচিব, বাজেট-১/প্রশাসন-২ অধিশাখা/প্রশিক্ষণ/প্রশাসন-৪/বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা, অর্থ বিভাগ
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ
- ৫। সভায় উপস্থিত কর্মকর্তা, জনাব ..... অর্থ বিভাগ
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।  
(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

  
(মোহাম্মদ রাসেলুল কাদের)  
উপসচিব ও ফোকাল পয়েন্ট  
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি